গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাহালু, বগুড়া
kahaloo.bogra.gov.bd

স্মারক নং-০৫.৫০.১০৫৪.০০০.০৯.০০১.২৬.৯৬

তারিখঃ ০৭ মাঘ ১৪৩২
২১ জানুয়ারি ২০২৬

## সরকারি হাট ও বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে অবহিত করা যাচ্ছে যে, বগুড়া জেলার কাহালু উপজেলা পরিষদের ব্যবস্থাপনাধীন তফসিলভুক্ত সরকারি হাট-বাজারসমূহ বাংলা ১৪৩৩ বঙ্গাব্দের (০১ বৈশাখ হতে ৩০ চৈত্র) পর্যন্ত এক বছর মেয়াদি অস্থায়ীভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্ত সিডিউলে বর্ণিত শর্তসাপেক্ষে প্রতিটি হাট-বাজারের জন্য পৃথকভাবে সিলমোহরযুক্ত খামে ক্যালেন্ডারের সময়সূচি মোতাবেক দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ ক্যালেন্ডারে বর্ণিত সময়সূচি মোতাবেক অফিস চলাকালীন সময়ে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত (১) জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা (২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাহালু, বগুড়া (৩) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় (৪) সোনালী ব্যাংক পিএলসি, কাহালু শাখা এবং (৫) কাহালু থানা, বগুড়া হতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। দরপত্রসমূহ ক্যালেন্ডারে বর্ণিত তারিখে নির্ধারিত সময়ে (১) জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, বগুড়া (২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাহালু, বগুড়া (৩) সহকারী কমিশনার (ভূমি), কাহালু, বগুড়া (৪) অফিসার ইনচার্জ, কাহালু থানায় রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং একই তারিখে নির্ধারিত সময়ে দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

দরপত্র দাতাকে দরপত্রে উদ্ধৃতমূল্যের ৩০% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে। নির্বাচিত দরপত্র দাতার জমাকৃত অর্থ হতে ২০% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ১০% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে ব্যয় মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত অর্থ জমাকারীর অনুকূলে ফেরত প্রদান করা হবে। দরপত্র গৃহীত হওয়ার সংবাদ প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে ইজারামূল্যের অবশিষ্ট ৮০% অর্থ উপজেলা নির্বাহী অফিসার, কাহালু, বগুড়ার অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারমূলে এবং ১৫% হারে মূল্য সংযোজন কর ও ১০% হারে আয়কর ট্রেজারী চালানমূলে জমাপূর্বক বিডি/পে-অর্ডার ও চালানের মূলকপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে। অন্যথায় বিধি মোতাবেক দরপত্রের সাথে বিডি/পে-অর্ডারমূলে জমাকৃত জামানতের ৩০% অর্থসহ দরপত্র বাতিল করা হবে এবং কোনরূপ নোটিশ ব্যতিরেকে দাখিলকৃত দরপত্র বাতিল করে পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। উল্লেখ্য, যে কোন পর্যায়ে বর্ণিত যে কোন হাট-বাজারের অনুকূলে দাখিলকৃত দর গ্রহণযোগ্য হলে পরবর্তী পর্যায়ে উক্ত হাট-বাজারের দরপত্র ইজারা বিজ্ঞপ্তি হতে স্বয়ংক্রিয়ভাবে বাদ হয়েছে মর্মে গণ্য হবে। হাট-বাজারের ইজারা সংক্রান্ত যাবতীয় শর্ত ও তথ্যাবলী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে এবং নিজস্ব ওয়েবসাইটে www.kahaloo.bogra.gov.bd এ দেখা যাবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতাসহ ইজারা সংক্রান্ত যে কোন বিষয় সংযোজন-বিয়োজন পরিবর্তন ও পরিমার্জনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

### তফসিলভুক্ত হাট ও বাজারের তালিকা

| ক্রম | ইউনিয়নের নাম | হাট-বাজারের নাম | সরকারি ইজারা মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | জামগ্রাম | জামগ্রাম হাট-বাজার | ১,১০,৭৩,৬৬৯/- | ২২,৮০০/- |
| ০২ | ঐ | শান্তা হাট-বাজার | ১,৫৩,৪৪২/- | ১,০০০/- |
| ০৩ | দূর্গাপুর | দূর্গাপুর হাট-বাজার | ৫৩,৫০,৩৩৪/- | ১০,০০০/- |
| ০৪ | ঐ | দেওগ্রাম হাট-বাজার | ৪৫,৫০০/- | ৫০০/- |
| ০৫ | বীরকেদার | শেখাহার হাট-বাজার | ১,০২,০০০/- | ১,০০০/- |
| ০৬ | ঐ | কাজিপাড়া হাট-বাজার | ১,৪৫০/- | ৫০০/- |
| ০৭ | কালাই | তিনদিঘী হাট-বাজার | ১৩,৭৯,০০০/- | ৩,৬০০/- |
| ০৮ | ঐ | শিবতলা হাট-বাজার | ১৩,২৬৭/- | ৫০০/- |
| ০৯ | নারহট্ট | বিবিরপুকুর হাট-বাজার | ৪৩,৫৫,৩৩৪/- | ৯,৪০০/- |
| ১০ | ঐ | কল্যাণপুর হাট-বাজার | ১,৭৪,৭০০/- | ১,০০০/- |
| ১১ | ঐ | দরগাহাট হাট-বাজার | ২৯,৬০০/- | ৫০০/- |
| ১২ | পাইকড় | উচলবাড়িয়া হাট-বাজার | ১,৮৭,৭৩৪/- | ১,০০০/- |
| ১৩ | ঐ | আড়োলা হাট-বাজার | ১,৪৭,৯৭৫/- | ১,০০০/- |
| ১৪ | ঐ | ভুগইল কালিতলা হাট-বাজার | ১৮,৬৬৬/- | ৫০০/- |
| ১৫ | মুরইল | মুরইল হাট-বাজার | ১,১৮,২৩৪/- | ১,০০০/- |
| ১৬ | ঐ | মুরইল বাসস্ট্যান্ড বাজার | ২,৪৫,৯৩৭/- | ১,২০০/- |
| ১৭ | মালঞ্চা | ভালশুন পুরাতন হাট-বাজার | ১৭,১৬৭/- | ৫০০/- |
| ১৮ | ঐ | মালঞ্চা হাট-বাজার | ১০,৮৭,৬৪২/- | ২,৮০০/- |
| ১৯ | ঐ | ভালশুন রাজবাড়ি হাট-বাজার | ৩,৮৩,৮৭৭/- | ১,৪০০/- |
| ২০ | ঐ | এরুইল হাট-বাজার | ৩,৩৫,১৯২/- | ১,৪০০/- |
| ২১ | ঐ | কলমা হাট-বাজার | ২,৫৭,১৮৪/- | ১,২০০/- |

চলমান পাতা-০২

CamScanner

## ক্যালেন্ডার

| পর্যায় | দরপত্র বিক্রয়ের শেষ দিন | দরপত্র গ্রহণের তারিখ ও সময় | | দরপত্র খোলার সময় |
|---|---|---|---|---|
| | | তারিখ | সময় | |
| ১ম | ১৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিঃ | ১৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিঃ | সকাল ১০.০০ হতে দুপুর ০১.০০টা | বিকেল ০৩.০০ টা |
| ২য় | ০৩ মার্চ ২০২৬ খ্রিঃ | ০৪ মার্চ ২০২৬ খ্রিঃ | সকাল ১০.০০ হতে দুপুর ০১.০০টা | বিকেল ০৩.০০ টা |
| ৩য় | ১১ মার্চ ২০২৬ খ্রিঃ | ১২ মার্চ ২০২৬ খ্রিঃ | সকাল ১০.০০ হতে দুপুর ০১.০০টা | বিকেল ০৩.০০ টা |
| ৪র্থ | ০১ এপ্রিল ২০২৬ খ্রিঃ | ০২ এপ্রিল ২০২৬ খ্রিঃ | সকাল ১০.০০ হতে দুপুর ০১.০০টা | বিকেল ০৩.০০ টা |

উল্লেখ্য যে, প্রথম দরপ্রস্তাব গ্রহণযোগ্য না হলে দ্বিতীয় দরপ্রস্তাব বলবৎ হবে, দ্বিতীয় দরপ্রস্তাব গ্রহণযোগ্য না হলে তৃতীয় দরপ্রস্তাব বলবৎ হবে। অনুরূপভাবে তৃতীয় দরপ্রস্তাব গ্রহণযোগ্য না হলে চতুর্থ দরপ্রস্তাব বলবৎ হবে। প্রথম বারে কোন হাট-বাজারের দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে দ্বিতীয় বারে ঐ দরপত্র বাদ হয়েছে বলে গণ্য হবে। এছাড়া দেশের সর্বোচ্চ আদালত কর্তৃক হাট-বাজারের বিষয়ে ভিন্নতর কোন আদেশ প্রদান করা হলে হাট-বাজারটি ইজারা বিজ্ঞপ্তি তালিকা হতে কর্তন বলে গণ্য হবে। (বিশেষ দ্রষ্টব্য ঃ ইজারা অনুমোদিত হওয়ার পর পত্র প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে অবশিষ্ট সমুদয় ইজারা মূল্য, ১০% আয়কর ও ১৫% ভ্যাট পরিশোধ করতে যারা সক্ষম নন তাদের আবেদন করার প্রয়োজন নাই। সিডিউলের সাথে সংযুক্ত শর্তাবলি প্রতিপালনে সক্ষম ব্যক্তিদের আবেদন করার জন্য অনুরোধ করা হলো)

22.01.2026

কাশপিয়া তাসরিন
উপজেলা নির্বাহী অফিসার
কাহালু, বগুড়া।

স্মারক নং-০৫.৫০.১০৫৪.০০০.০৯.০০১.২৬.৯৬/১(১০০)

তারিখ ঃ ০৭ মাঘ ১৪৩২ / ২১ জানুয়ারি ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

০১। জেলা প্রশাসক, বগুড়া।
০২। পুলিশ সুপার, বগুড়া। দরপত্র দাখিলের নির্ধারিত তারিখসমূহে তাঁর কার্যালয়ে দরপত্র বাক্স রাখার জন্য সদয় অনুরোধ করা হলো।
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, বগুড়া। -------------------------------- টি সিডিউল বিক্রয়ের জন্য প্রেরণ করা হলো। বিক্রয় শেষে বিক্রিত সিডিউলের অর্থ এবং অবিক্রিত সিডিউল ফেরত প্রদানের জন্য সদয় অনুরোধ করা হলো।
০৪। অতিরিক্ত জেলা প্রশাসক, (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া।
০৫। প্রশাসক, উপজেলা পরিষদ-----------------------(সকল), বগুড়া।
০৬। উপজেলা নির্বাহী অফিসার--------------------------------------(সকল), বগুড়া।
০৭। প্রশাসক, ------------------ পৌরসভা (সকল), বগুড়া।
০৮। সহকারী কমিশনার (ভূমি) কাহালু, বগুড়া। তার অনুকূলে -----------------------------কপি সিডিউল বিক্রয়ের জন্য প্রেরণ করা হলো। বিক্রিত সিডিউলের অর্থ এবং অবিক্রিত সিডিউল ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হলো।
০৯। উপজেলা ---------------------------------------------অফিসার (সকল) কাহালু,বগুড়া। বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে লটকাইয়া বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১০। অফিসার ইনচার্জ, কাহালু থানা, বগুড়া। তার অনুকূলে ----------------------------কপি সিডিউল বিক্রয়ের জন্য প্রেরণ করা হলো। বিক্রিত সিডিউলের অর্থ এবং অবিক্রিত সিডিউল ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হলো।
১১। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, কাহালু শাখা, বগুড়া। তার অনুকূলে ----------------------কপি সিডিউল বিক্রয়ের জন্য প্রেরণ করা হলো। বিক্রিত সিডিউলের অর্থ এবং অবিক্রিত সিডিউল ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হলো।
১২। চেয়ারম্যান -----------------------------ইউনিয়ন পরিষদ (সকল), কাহালু, বগুড়া। তাঁর এলাকাধীন হাট-বাজারসমূহে ঢোল শহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণপূর্বক একটি প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।
১৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা -------------------------ইউনিয়ন ভূমি অফিস, কাহালু,বগুড়া। তাকে সংশ্লিষ্ট ইউনিয়নের হাট-বাজারসমূহে ঢোল শহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণপূর্বক একটি প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।
১৪। ইজারাদার----------------------------------হাট-বাজার, কাহালু, বগুড়া। তাকে ১লা বৈশাখ ১৪৩৩ সন হতে হাট-বাজারের দখল হস্তান্তর করার জন্য অনুরোধ করা হলো।
১৫। বার্তা সম্পাদক ------------------------- পত্রিকা, বগুড়া। তাকে আগামী----------------তারিখের মধ্যে নুন্যতম স্পেসে তাঁর পত্রিকার ভেতরের পাতায় বিজ্ঞপ্তিটি প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১৬। নোটিশ বোর্ড।

22.01.2026

কাশপিয়া তাসরিন
উপজেলা নির্বাহী অফিসার
কাহালু, বগুড়া

CS CamScanner